Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিস
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা
E-mail : ueo.south@gmail.com

# নোটিশ

অত্র উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্য বৃন্দের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সভাপতি মহোদয়ের নির্দেশনাক্রমে আগামী ০৩/০৫/২০২৩ খ্রিঃ রোজ সোমবার, সকাল ১১.০০ ঘটিকার এক সভা আহবান করা যাচ্ছে।

উক্ত সভায় সকল সদস্য বৃন্দকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

আলোচ্য বিষয়সমূহঃ

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
০২। শিক্ষার গুণগত মান বৃদ্ধিতে মা-সমাবেশের আয়োজন প্রসঙ্গে।
০৩। হাতের লেখার দক্ষতা বৃদ্ধিতে বাড়ীর কাজের গুরুত্ব প্রসঙ্গে।
০৪। বিবিধ।

২৪/৪/২৩
রওশন আরা
উপজেলা শিক্ষা অফিসা
ও
সদস্য সচিব
প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারকনং-৩৮.০১.১৯৩৩.০০০.০৬.০০২.২১-২৬১/২(৬) তারিখঃ ২৪/০৪/২০২৩ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হল:

১। ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা --------------------- সভাপতি
২। উপজেলা প্রকৌশলী,কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা ------------------------------------------ সদস্য
৩। জনাব আবদুল মালেক, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা --------------------------------------- সদস্য
৪। চেয়ারম্যান, বারপাড়া ইউনিয়ন পরিষদ,কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা ------------------------ সদস্য
৫। চেয়ারম্যান, বিজয়পুর ইউনিয়ন পরিষ,কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্ল--------------------------- সদস্য
৬। চেয়ারম্যান, চৌয়ারা ইউনিয়ন পরিষদ,কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা --------------------------- সদস্য

২৪/৪/২৩
রওশন আরা
উপজেলা শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

প্রাথমিক ও গণশিক্ষা উপজেলা স্থায়ী কমিটি কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা এর মে/২০২৩ এ অনুষ্ঠিত সভার সম্মানিত সদস্যগণের হাজিরা শীট (০৩/০৫/২০২৩ খ্রিঃ)

| ক্রমিক নং | নাম ও পদবী | উপস্থিতির স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়রাম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ। | [signature] | |
| ০২ | উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। | [signature] | |
| ০৩ | জনাব আবদুল মালেক (শিক্ষানুরাগী) | [signature] | |
| ০৪ | চেয়ারম্যান, বিজয়পুর ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। | [signature] | |
| ০৫ | চেয়ারম্যান, বারপাড়া ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। | [signature] | |
| ০৬ | চেয়ারম্যান, চৌয়ারা ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। | [signature] | |
| ০৭ | উপজেলা শিক্ষা অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। | [signature] | |

Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিস
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

অদ্য ০৩/০৫/২০২৩ খ্রিঃ রোজ সোমবার, সকাল ১১.০০ ঘটিকার প্রাথমিক ও গণশিক্ষা উপজেলা স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব আব্দুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

সভার স্থানঃ ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম ও স্বাক্ষর

| ক্রঃ নং | উপস্থিত সদস্যবৃন্দ | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। | সভাপতি | স্বাক্ষরিত/- |
| ০২ | উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। | সদস্য | স্বাক্ষরিত/- |
| ০৩ | জনাব আবদুল মালেক (শিক্ষানুরাগী) | সদস্য | স্বাক্ষরিত/- |
| ০৪ | চেয়ারম্যান, বিজয়পুর ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। | সদস্য | স্বাক্ষরিত/- |
| ০৫ | চেয়ারম্যান, বারপাড়া ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। | সদস্য | স্বাক্ষরিত/- |
| ০৬ | চেয়ারম্যান, চৌয়ারা ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। | সদস্য | স্বাক্ষরিত/- |
| ০৭ | উপজেলা শিক্ষা অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। | সদস্য সচিব | স্বাক্ষরিত/- |

আলোচ্য বিষয়সমূহঃ

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
০২। শিক্ষার গুণগত মান বৃদ্ধিতে মা-সমাবেশের আয়োজন প্রসঙ্গে।
০৩। হাতের লেখার দক্ষতা বৃদ্ধিতে বাড়ীর কাজের গুরুত্ব প্রসঙ্গে।
০৪। বিবিধ।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করেন।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১।পূর্ববর্তী সভার রেজুলেশন পাঠ ও অনুমোদন। | উপজেলা শিক্ষা অফিসার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। | পূর্ববর্তী কার্যবিবরণী কোন প্রকার পরিবর্তন না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন দেয়া হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ২। শিক্ষার গুণগত মান বৃদ্ধিতে মা-সমাবেশের আয়োজন প্রসঙ্গে। | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের শিক্ষার মান বৃদ্ধি করার লক্ষ্যে মা-সমাবেশের আয়োজন করার প্রস্তাব করেন। তিনি জানান, বিদ্যালয়ে শিক্ষার্থীদের গতানুগতিক পড়ালেখা না করিয়ে কিভাবে তাদের শিক্ষার মান নিশ্চিত করা যায় তার প্রতি গুরুত্ব আরোপ করে মা-সমাবেশের আয়োজন করার প্রতি মতামত ব্যক্ত করেন। প্রায়ই দেখা যায় শিক্ষার্থীরা বাড়ীতে ঠিকমতো লেখাপড়া করেনা বরং খেলাধুলা বা মোবাইল ফোন নিয়ে ব্যস্ত থাকে। ফলে তাদের বিদ্যালয়ের ঠিকমতো পাঠ্যবই অনুসারে পড়ালেও তারা সেই পড়াগুলো বাড়ীতে পড়ে না। তিনি আরো জানান, একজন মা-ই জানতে পারে তার সন্তান ঠিকমতো পড়ালেখা করছে কিনা এবং তাদের কোন বিষয়ের উপর দুর্বলতা রয়েছে। মা-সমাবেশের মাধ্যমে সেই সকল সমস্যা তোলে ধরে সমাধানের চেষ্টা করতে পারবে বলে তিনি সভায় জানান। | সভায় আলোচনা শেষে অত্র উপজেলাধীন বিদ্যালয় সমূহে শিক্ষার গুণগত মান বৃদ্ধির জন্য মা-সমাবেশ আয়োজনের জন্য সভাপতি মহোদয় সিদ্ধান্ত প্রদান করেন। | উপজেলা শিক্ষা অফিসার |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২। হাতের লেখার দক্ষতা বৃদ্ধিতে বাড়ীর কাজের গুরুত্ব প্রসঙ্গে। | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতের লেখার দক্ষতা শিক্ষার্থীর সাবলীল পাঠ্যক্রমের সাথে অতপ্রোতভাবে জড়িত। কারণ একজন শিক্ষার্থী বিদ্যালয়ে এসে যা অধ্যয়ন করলো, তার উপর যদি বাড়ী থেকে লিখে নিয়ে আসার জন্য তাগিদ দেওয়া হয়, তাহলে শিক্ষার্থীরা পড়ালেখার পাশাপাশি তাদের হাতে লেখা সুন্দর ও সাবলীল হতে কোন সমস্যা হবে না। এতে শিক্ষার্থীরা অল্প সময়ের মধ্যে হাতের লেখা সুন্দর হওয়ার পাশাপাশি দ্রুততম সময়ের মধ্যে পঠন দক্ষতা অর্জন করতে পারবে। হাতের লেখাা দক্ষতা বৃদ্ধির নিমিত্ত বাড়ীর কাজের প্রতি গুরুত্ব আরোপ কারে সুন্দর হাতের লেখা অর্জন করা সম্ভব বলে তিনি সভায় জানান। | সভায় আলোচনা শেষে সভাপতি মহোদয় সভাকে জানান যে, বিষয়টির গুরুত্ব বিবেচনা করে হাতের লেখার দক্ষতা বৃদ্ধিতে বাড়ীর কাজের প্রতি গুরুত্ব আরোপ করে প্রতিটি বিষয়ের উপর প্রতিদিন যা পড়ানো হবে তার উপর বাড়ী থেকে সুন্দর করে লিখে আনার জন্য প্রধান ও সহকারী শিক্ষকগণের প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার/ প্রধান শিক্ষক/ সহকারী শিক্ষক |
| বিবিধ | | বিবিধে আর কোন গুরুত্বপূর্ণ আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাই কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন। | |

(আবদুল হাই বাবলু)
সভাপতি
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি
ও
ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

স্মারক নং-৩৮.০১.১৯৩৩.০০.০৬.০০২.২১-২৬৯/১(১১)

তারিখঃ ০৩/০৫/২০২৩খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হল।

০১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০২। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুমিল্লা।
০৭। উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৮। চেয়ারম্যান,--------------------ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৯। সহকারী উপজেলা শিক্ষা অফিসার(সকল) কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
১০। সংরক্ষণ কপি।

রওশন আরা
উপজেলা শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটি
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।